সংবাদ

তারিখ : 13 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# বেরোবির আবাসিক হল অনাবাসিকদের দখলে

## সিট দখল নিয়ে মধ্যরাতে সংঘর্ষ, আহত ৫

**লিয়াকত আলী বাদল ও তপন কুমার রায়, রংপুর**

রংপুরে অবস্থিত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলো অবৈধ অনাবাসিক শিক্ষার্থীদের দ্বারা বেদখল হয়ে পড়েছে। আবাসিক হলগুলোতে বিশেষ করে ছাত্রদের আবাসিক দুই হলে বৈধ শিক্ষার্থীর চেয়ে অবৈধ অনাবাসিক শিক্ষার্থীর সংখ্যাই এখন বেশি। সবকিছুতে এখন আধিপত্য বিস্তার করছে অবৈধ অনাবাসিক শিক্ষার্থীরা। হলগুলোতে অনেকটা হ-য-র-ব-ল অবস্থা সৃষ্টি হয়েছে। সবশেষ রোববার দিবাগত মধ্যরাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে ২১১ নম্বর কক্ষে সিট দখল করতে গেলে ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এতে বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের শিক্ষার্থী পিয়াস নামের এক শিক্ষার্থীসহ কমপক্ষে ৫ জন আহত হয়েছে। পিয়াস গুরুত্বর আহত হলে তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়েছে।

আবাসিক হলের শিক্ষার্থী, হল প্রশাসন সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের আবাসিক দুই হল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও শহীদ মুক্তার ইলাহী হলে বর্তমানে আবাসিক বৈধ শিক্ষার্থীর চেয়ে অবৈধ সংখ্যাই বেশি। বেদখলে রয়েছে প্রতিটি কক্ষের বেশিরভাগ আবাসিক সিট। অনেক কক্ষে সিট ক্যাপাসিটির অতিরিক্ত অবৈধ অনাবাসিক শিক্ষার্থী অবস্থান করছে। বঙ্গবন্ধু হলের আবাসিক সিট ক্যাপাসিটি ৩৬০ জন হলেও বর্তমানে এই হলে মাত্র ৫৮ জন শিক্ষার্থী বৈধ আবাসিক হিসেবে নিয়মিত ভাড়া পরিশোধ করে বলে হল প্রশাসন সূত্রে জানা গেছে। ফলে পুরো হল এখন অবৈধ অনাবাসিক শিক্ষার্থীদের দখলে। এর আগে শিক্ষা সমাপনী এবং বিভিন্ন সময়ের সিট দখলের অরাজকতায় বহু শিক্ষার্থী হলগুলো থেকে সেচ্ছায় সিট বাতিল করে চলে যায়। অভিযোগ রয়েছে আবাসিক হলগুলোতে ক্ষমতাসীন ছাত্র সংগঠন ছাত্রলীগের দাপট দেখিয়ে অনেকটা জুনিয়র শিক্ষার্থীরা আধিপত্য বিস্তার করছে। সিট দখলসহ তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে যখন তখন বিবাদ- সংঘর্ষে জড়িয়ে পড়ছে ছাত্রলীগের নেতাকর্মীরা। সবশেষ রোবাবর দিবাগত রাত সাড়ে ১২ টায় সিট দখলকে কেন্দ্র করে ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার দিবাগত মধ্যরাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ২১১ নম্বর কক্ষে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক কমিটির পরিবেশ বিষয়ক সম্পাদক ও শহীদ মুক্তার ইলাহী হলের আবাসিক শিক্ষার্থী হাসান আলীসহ কয়েকজন শিক্ষার্থী জোর করে সিট দখল করতে যায়। এসময় বঙ্গবন্ধু হলের ছাত্রলীগের নেতাকর্মীরা বাধা দিলে বাকবিতণ্ডা থেকে সংঘর্ষে জড়িয়ে পড়ে। রাত দেড়টা পর্যন্ত দফায় দফায় দুই হলের নেতাকর্মীদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এতে পিয়াস নামের এক শিক্ষার্থী গুরুত্বর আহত হলে তাকে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়। পরে পরিস্থিতি শান্ত রাখতে পুলিশ মোতায়েন করা হয়েছে বলে বঙ্গবন্ধু হলের সহকারী প্রভোস্ট আপেল মাহমুদ হল পরিদর্শন শেষে জানান।

এ বিষয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল শাখা ছাত্রলীগের সভাপতি শাহীনুর ইসলাম বলেন, ছাত্রলীগের নামে কেউ সিট দখল সহ অনিয়ম-অরাজকতা করবে এটি ছাত্রলীগ বরদাস্ত করবে না। ছাত্রলীগের সুনামহানি করে কারো ব্যক্তিগত এমন কর্মকাণ্ডের দায়ভার ছাত্রলীগ নিবেনা। হল সুষ্ঠভাবে পরিচালনা করতে হল তথা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করছি। এ বিষয়ে ছাত্রলীগ প্রশাসনকে সহযোগিতা করবে।

সার্বিক বিষয়ে বঙ্গবন্ধু হলের সহকারী প্রভোস্ট আপেল মাহমুদ জানান, বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। হলপ্রশাসন বর্তমানে অতিরিক্ত দায়িত্ব পালন করছে। নতুন উপাচার্য আসলে সুষ্ঠভাবে আবাসিক হল পরিচালনা করতে কি ব্যবস্থা নেয়া যায় সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হতে পারে।